

أَعْلَهُ مَعَ اللَّهِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়বস্তু: "আল্লাহর সাথে কোনও ইলাহ আছে কি?"

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:


১. তিনিই কি শ্রেষ্ঠ নন, যিনি সৃষ্টি করেছেন মহাকাশ এবং এই পৃথিবী এবং যিনি আসমান থেকে তোমাদের জন্যে নাজিল করেন পানি।
আল্লাহর সাথে কোনও ইলাহ আছে কি? আসলে তারা এমন একটি কওম যারা অন্যদেরকে আল্লাহর সমকক্ষ বানায়।



বল তো কে সৃষ্টি করেছেন নভোমন্ডল ও ভূমন্ডল এবং আকাশ থেকে তোমাদের জন্যে বর্ষণ করেছেন পানি; অতঃপর তা দ্বারা আমি মনোরম বাগান সৃষ্টি করেছি। তার বৃক্ষাদি উৎপন্ন করার শক্তিই তোমাদের নেই। অতএব, আল্লাহর সাথে অন্য কোন উপাস্য আছে কি? বরং তারা সত্যবিচ্যুত সম্প্রদায়। (সূরাঃ আন-নামল ২৭:৬০)

Click here <http://www.morningbrightness.fi/>

২. তিনিই কি শ্রেষ্ঠ নন, যিনি পৃথিবীকে বানিয়েছেন বাসোপযোগী এবং এর মাঝে মাঝে সৃষ্টিকরে দিয়েছেন নদ-নদী নহর ? আল্লাহর সাথে কোনও ইলাহ আছে কি ? বরং তাদের অধিকাংশই জানে না ।



বল তো কে পৃথিবীকে বাসোপযোগী করেছেন এবং তার মাঝে মাঝে নদ-নদী প্রবাহিত করেছেন এবং তাকে স্থিত রাখার জন্যে পর্বত স্থাপন করেছেন এবং দুই সমুদ্রের মাঝখানে অন্তরায় রেখেছেন । অতএব, আল্লাহর সাথে অন্য কোন উপাস্য আছে কি ? বরং তাদের অধিকাংশই জানে না । (সূরাঃ আন-নামল ২৭:৬১)

৩. তিনিই কি শ্রেষ্ঠ নন, যিনি অশান্ত হৃদয়ের প্রাথনাকারীর ডাকে সাড়া দান এবং দূর করে দেন তার দুঃখ-দুর্দশা ? আল্লাহর সাথে কোনও ইলাহ আছে কি ? তোমরা খুব কমই শিক্ষা গ্রহণ করো ।



বল তো কে নিঃসহায়ের ডাকে সাড়া দেন যখন সে ডাকে এবং কষ্ট দূরীভূত করেন এবং তোমাদেরকে পৃথিবীতে পূর্ববর্তীদের স্থলাভিষিক্ত করেন । সুতরাং আল্লাহর সাথে অন্য কোন উপাস্য আছে কি ? তোমরা উপদেশ অতি সামান্যই গ্রহণ কর । (সূরাঃ আন-নামল ২৭:৬২)

৪. তিনিই কি শ্রেষ্ঠ নন, যিনি তোমাদেরকে স্থল ও পানি পথের অন্ধকারে পথনির্দেশ দেন করেন? আল্লাহর সাথে কোনও ইলাহ আছে কি? তারা তার সাথে যাদেরকে শরীক করে, তাদের থেকে তিনি অনেক উর্ধে।

أَمَّنْ يَهْدِيكُمْ فِي ظُلُمَاتِ الْبَرِّ وَالْبَحْرِ وَمَنْ يُرْسِلُ الرِّيَّحَ بُشْرًا
بَيْنَ يَدَيْ رَحْمَتِهِ ۗ إِنَّ اللَّهَ مَعَ الَّذِينَ تَعْلَمُونَ اللَّهَ عَمَّا يُشْرِكُونَ ۗ


বল তো কে তোমাদেরকে জলে ও স্থলে অন্ধকারে পথ দেখান এবং যিনি তাঁর অনুগ্রহের পূর্বে সুসংবাদবাহী বাতাস প্রেরণ করেন? অতএব, আল্লাহর সাথে অন্য কোন উপাস্য আছে কি? তারা যাকে শরীক করে, আল্লাহ তা থেকে অনেক উর্ধে।
(সূরাঃ আন-নামল ২৭:৬৩)

৫. আসমান ও জমিন থেকে কে তোমাদের রিযিক দেয়? আল্লাহর সাথে কোনও ইলাহ আছে কি? বলো তোমাদের প্রমাণ হাজির করো যদি তোমরা সত্যবাদী হয়ে থাকো।

أَمَّنْ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ وَمَنْ يَرْزُقُكُمْ مِنَ السَّمَاءِ وَالْأَرْضِ ۗ
إِنَّ اللَّهَ مَعَ الَّذِينَ قُلُّ هَاتُوا بُرْهَانَكُمْ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ۗ

বল তো কে প্রথমবার সৃষ্টি করেন, অতঃপর তাকে পুনরায় সৃষ্টি করবেন এবং তোমাদেরকে আকাশ ও পৃথিবী হতে কে রিযিক দান করেন। সুতরাং আল্লাহর সাথে অন্য কোন উপাস্য আছে কি? বলুন, তোমরা যদি সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ উপস্থিত কর। (সূরাঃ আন-নামল ২৭:৬৪)

৬. বলো মহাকাশ ও পৃথিবীতে যারাই আছে, আল্লাহ ছাড়া কেউই গায়েব জানে না। তারা কখন পুনর্জীবিত হবে তাও তারা জানে না।



বলুন, আল্লাহ ব্যতীত নভোমন্ডল ও ভূমন্ডলে কেউ গায়েবের খবর জানে না এবং তারা জানে না যে, তারা কখন পুনর্জীবিত হবে। (সূরাঃ আন-নামল ২৭:৬৫)

নফসে আশ্মারার কুকাঁজ করার প্ররোচনা দেয় এটা শয়তানের অসওয়াসা। নেতাদেরকে (ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক অর্থনৈতিক) আল্লাহর সমকক্ষ দাঁড় করানো এটাও শয়তানের অসওয়াসা। আল্লাহ ছাড়া কোনো ইলাহ নেই। আল্লাহ ও রাসুলের নির্দেশের বিরুদ্ধে যে কোন কাজ করাও শিরক। আল্লাহর ৯৯ টা গুনবাচক কোন একটির ব্যাপারেও অন্য কাউকে অংশীদার মনে করে কাজ করাও আল্লাহকে বাদ দিয়ে অন্যকে ইলাহা বানানো।

আল্লাহ খালেছভাবে তাকে ইলাহা বানানোর তৌফিক আমাদেরকে দান করুন। শয়তানে প্ররোচনা থেকে আমরা আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করছি।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

Click here <http://www.morningbrightness.fi/>